

এটা জাতির জন্য দুর্ভাগ্যজনক

মেধাবী ছাত্ররা রাজনীতিবিমুখ হচ্ছে - ওবায়দুল কাদের

ঢাক রিপোর্টার : যোগাযোগমন্ত্রী ওবায়দুল কাদের বলেছেন, ছাত্র রাজনীতি মেধাবী ছাত্রদের নিকট আকর্ষণ হারিয়েছে বলে মেধাবীরা রাজনীতিবিমুখ হয়ে পড়ছে। তিনি আশঙ্কা প্রকাশ করে বলেন, মেধাবী শিক্ষার্থীরা ছাত্ররাজনীতি হতে দূরে থাকলে দেশের রাজনীতি মেধাহীন হয়ে পড়বে। রাজনীতিতে মেধাহীনতা নূর্বৃত্তান্তনের জন্য দিবে, যা হবে জাতির জন্য আরও দুর্ভাগ্যের। তিনি বলেন, বর্তমান রাজনীতি কমতাকেন্দ্রিকতা কাটিয়ে পরবর্তী প্রগতিশীল হয়ে ওঠা জরুরি। রাজনীতি ধীরে ধীরে আস্থাহীন হয়ে পড়ছে। জনগণের কাছে এবং সাধারণ শিক্ষার্থীদের কাছে রাজনীতিবিদ কিংবা ছাত্রনেতাদের প্রতি আস্থাসীলতার পারদ নিচের দিকে নেমে যাচ্ছে। তিনি আগামী দিনের জন্য আদর্শিক, সং ও দেশপ্রেমের রাজনৈতিক পরিমতল তৈরীতে শিক্ষার সুষ্ঠু পরিবেশ এবং মূল্যবোধ প্রতিষ্ঠার ওপর জোর দেয়ার আহ্বান জানিয়েছেন। যাত্রী গড়কাল সরকারি তিড়ুখীর কলেজে বঙ্গবন্ধুর জন্মদিন এবং জাতীয় শিশুদিন উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতা করছিলেন। কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. দিলারা হাফিজের সভাপতিত্বে অনুষ্ঠানে অধ্যাপকের মাঝে মাসেদ সদস্য একে-এম রহমত উল্লাহ, গাজীপুর জেলা পরিষদের প্রাসাদক আবতাকজামান, কলেজের উপাধ্যক্ষ প্রফেসর আনিস ফাতেমা, প্রফেসর সেলিম মিরা, প্রফেসর আতাউর রহমান বক্তব্য রাখেন। যোগাযোগমন্ত্রী বলেন, যে গণতন্ত্রে মূল্যবোধ নেই সেটি গণতন্ত্র হতে পারে না। তিনি গণতান্ত্রিক মূল্যবোধ প্রতিষ্ঠায় রাজনীতিবিদদের শক্তচয়ন এবং জাতিপ্রেমের আশ্রয় প্রতি প্রাচীণ হওয়ার আহ্বান জানান। তিনি

বলেন, বঙ্গবন্ধু এদেশে সং রাজনীতির প্রতীক। তিনি প্রজন্মসত্তরের রোল মডেল। এদেশের উচ্চতায় তাঁর আসন। হিমাশয়ের উচ্চতায় তাঁর স্বর্গালা। তাঁকে হয়ে করার অপপ্রচ্যাস মানে নিজের অতিত্ব ও স্বর্গাদাকে অপমানিত করা। যাত্রী বলেন, ঢাকা মহানগরী হতে যানজট নিরসন এবং সড়ক দুর্ঘটনা সহনীয় মাত্রায় নাথিয়ে আনার কঠিন চ্যালেঞ্জ নিয়ে আমরা কাজ শুরু করেছি। সরকারের মেধাদাকালের বড় একটি অংশ পার হয়েছে। তিনি বলেন, আগামী এক বছরের মধ্যে যোগাযোগ খাতের অনেক কার্যক্রম জনগণের কাছে দৃশ্যমান হবে।